

স্মারক নং- ৪৬.১০.০০০০.০২০.০০.২০২৩-১৫৫

তারিখ : ০৭ চৈত্র, ১৪২৯ বাং  
২১ মার্চ, ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ গুলশান থানাধীন বরুয়া মৌজাস্থিত সি.এস দাগ নং-১০৫০ (অংশ), আর.এস দাগ নং-২০০৮ (অংশ), এম.এস দাগ নং-৯৮০২ (অংশ) দাগে কম/বেশী ১৬.৪৬ (ষোল দশমিক চার ছয়) শতাংশ জমিতে আবাসিক ভবন নির্মাণে ভূমি ব্যবহারের ছাড়পত্রের বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনাপত্তি পত্র/মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গুলশান থানাধীন বরুয়া মৌজাস্থিত সি.এস দাগ নং-১০৫০ (অংশ), আর.এস দাগ নং-২০০৮ (অংশ), এম.এস দাগ নং-৯৮০২ (অংশ) দাগে কম/বেশী ১৬.৪৬ (ষোল দশমিক চার ছয়) শতাংশ ভূমির পরিবর্তে ১৫.৪২ (পনের দশমিক চার দুই) শতাংশ ভূমি খালের জমি দ্বারা ক্ষতিগ্রস্ত হয়নি। নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ব্যক্তিগত ভূমি ব্যবহারের বিষয়ে অত্র সংস্থার কোন আপত্তি নেই।

### শর্তাবলি :

- (ক) ডিএনসিসি'র শর্তাবলির পাশাপাশি কেপিআই নিরাপত্তা নীতিমালা-২০১৩, ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড, সংশ্লিষ্ট পরিবেশ আইনসহ সরকারি সকল বিধি নিষেধ অনুসারে প্রস্তাবিত ভবনটি নির্মাণ করতে হবে।
- (খ) প্লটের পূর্ব পার্শ্বে খালের ভূমি হতে ১০ ফুট জায়গা ছেড়ে প্রস্তাবিত ভবনটি নির্মাণ করতে হবে।
- (গ) ডিএনসিসি'র নির্ধারিত স্থানে ও নির্দিষ্ট সময়ে বর্জ্য অপসারণ করতে হবে। নির্মিতব্য ভবনের আবাসিক ফ্ল্যাট হতে কোন প্রকার বর্জ্য খালে নিষ্ক্ষেপ করা যাবে না।
- (ঘ) অনাপত্তিপত্রটি জমির মালিকানার সাথে সম্পর্কিত নয়। জমির মালিকানাসহ ভুল তথ্য প্রদান করলে অনাপত্তিপত্রটি বাতিল বলে গণ্য হবে। তাছাড়া অনাপত্তিপত্রটি ভবন নির্মাণ বা উন্নয়নের অনুমোদন প্রদান করে না।
- (ঙ) প্লট সংলগ্ন ড্রেন/খাল পরিষ্কার রাখতে হবে, ড্রেনে/খালে কোন ময়লা ফেলা যাবে না ও ড্রেন/খালের পানি চলাচলে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না। খালের উপর কোন প্রকার স্থাপনা নির্মাণ করা যাবে না।
- (চ) নির্মিতব্য ভবনের স্যুয়ারেজ সিস্টেম ডিএনসিসি'র খাল/ড্রেনেজ সিস্টেমের সাথে সংযুক্ত করা যাবে না। খালের প্রতিবন্ধকতা সৃষ্টি হয় এ ধরনের কোন কার্যক্রম করা যাবে না।
- (ছ) খালের ভূমি ও রাস্তার ভূমি দখল করে কোন প্রকার ইমারত নির্মাণ করা যাবে না। খাল ও রাস্তার ভূমিতে ইমারত নির্মাণ করা হলে এই ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।
- (জ) খালের দুইপাশে ওয়াকওয়ে নির্মাণ ও বৃক্ষরোপণের জন্য নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে।
- (ঝ) অনাপত্তি পত্র প্রদানের তারিখ হতে ০২ (দুই) বছরের মধ্যে ভবন নির্মাণের কাজ শুরু না করলে এ অনাপত্তি পত্রটি পুনরায় নবায়ন করতে হবে।
- (ঞ) জমি/প্লটের অবশ্যই ডিএনসিসি'র হোল্ডিং নম্বর থাকতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে হালনাগাদ ট্যাক্স পরিশোধ করতে হবে।
- (ট) khal এর Watershed এ বৃষ্টির পানি যাতে খাল পর্যন্ত পৌছাতে পারে তার সুযোগ রাখতে হবে।
- (ঠ) Dhaka structure plan বা DAP khal এর Buffer বা Foreshore মেনে চলতে হবে।
- (ড) ভবিষ্যতে ডিএনসিসি কর্তৃক Fecal Sludge Management সম্পর্কিত কোনরূপ নতুন সিস্টেম প্রবর্তিত বা আইন করা হলে তা মানতে ভূমির মালিক/মালিকগণ বাধ্য থাকবেন।
- (ঢ) নির্মিত ভবনের পয়ঃ ও বর্জ্য রিসাইক্লিং করণের জন্য ভবনের অভ্যন্তরে বাধ্যতামূলকভাবে Stands for Sewage Treatment Plant (STP) নির্মাণ করতে হবে।
- (ণ) এই ছাড়পত্র প্রাপ্তির পর কোন শর্তাবলী ভঙ্গ করলে বা পরবর্তীতে ভবন নির্মাণকালে খালের সীমানা (ইমারত সেট ব্যাকসহ) লংঘন করা হলে এই ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)।

১৫৫



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.১০.০০০০.০২০.০০.২০২৩-১১৫

তারিখ : ০৭ চৈত্র, ১৪২৯ বাং  
২১ মার্চ, ২০২৩ খ্রিঃ

(ত) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ডিএনসিসি কর্তৃপক্ষ এই অনাপত্তিপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তঃ পরিমাপের লে-আউট নকশার কপি।

উপ-নগর পরিকল্পনাবিদ  
অঞ্চল-৪, মহাখালী জোনাল অফিস  
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।


১১-৬-২২-০৩.২০২৩  
(ড. মোহাম্মদ মাহে আলম)  
(উপসচিব)  
প্রধান সম্পত্তি কর্মকর্তা  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।  
ফোন নং-০২২২২২৮৪১১৬  
ফ্যাক্স নং-০২২২২২৯৫৮৮০  
cestate@dncc.gov.bd


অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৪। প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (প্রনিক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৬। অফিস কপি।

# গুলশান থানাধীন বরুয়া মৌজাস্থিত সি.এস দাগ নং-১০৫৫(অংশ), আর.এস দাগ নং-২০০৮ (অংশ), এম.এস দাগ নং-৯৮০২ (অংশ) এর জে-আউট নকশা।

উঃ



  
২০/১২/২০২২  
সেতার মাহমুদুল হক  
সি.এস.এস. দাগ নং-১০৫৫(অংশ)  
আর.এস. দাগ নং-২০০৮  
(অংশ) এম.এস. দাগ  
নং-৯৮০২ (অংশ)  
জমা উত্তর সিটি কর্পোরেশন।